# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

নবীগৃহ নির্মাণ (بناء البيت صـ)

এই সময় মসজিদের পাশে মাটি ও পাথর দিয়ে রাসূল (ছাঃ) ও তাঁর স্ত্রীদের জন্য নয়টি গৃহ নির্মাণ করা হয়। প্রত্যেকটি ছিল খেজুর পাতার ছাউনী। বাড়ীগুলির নির্মাণ কাজ সম্পন্ন হয়ে গেলে আল্লাহর রাসূল (ছাঃ) আবু আইয়ূবের বাড়ী ছেড়ে সপরিবারে এখানে চলে আসেন। তিনি সেখানে সাত মাস ছিলেন’ (সীরাহ ছহীহাহ ১/২২০)। উল্লেখ্য যে, তাঁদের মৃত্যুর পর উক্ত গৃহসমূহ ভেঙ্গে মসজিদের মধ্যে শামিল করে নেওয়া হয়। খলীফা আব্দুল মালেক ইবনে মারওয়ানের সময় (৬৫-৮৬ হিঃ/৬৮৫-৭০৫ খৃঃ) যখন উক্ত মর্মে নির্দেশনামা এসে পৌঁছে, তখন মদীনাবাসীগণ কান্নায় ভেঙ্গে পড়ে। যেমন তারা কেঁদেছিল রাসূল (ছাঃ)-এর মৃত্যুর দিন (ইবনু হিশাম ১/৪৯৮ টীকা-২)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5362

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন